প্রধানমন্ত্রীর সঙ্গে জাকাত ব্যবস্থাপনা নিয়ে শায়খ আহমাদুল্লাহর বৈঠক



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে জাকাত ব্যবস্থাপনা নিয়ে বৈঠক করেছেন ধর্মবিষয়ক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ ও আসসুন্নাহ্ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমাদুল্লাহ।

সোমবার (৯ মার্চ) বাংলাদেশ সচিবালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে জাকাত সংগ্রহ ও বণ্টন পদ্ধতি আরও কার্যকর করার বিষয়টি গুরুত্ব পায়।

বৈঠক শেষে ধর্মমন্ত্রী জানান, জাকাত কার্যক্রমকে সুশৃঙ্খল কাঠামোর আওতায় আনতে সরকার কাজ শুরু করেছে। এ লক্ষ্যে ৫ থেকে ৭ সদস্যের একটি কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। আগামী ১০ দিনের মধ্যেই কমিটি চূড়ান্ত হবে বলে তিনি জানান।

শায়খ আহমাদুল্লাহ বলেন, জাকাত বিতরণ আরও পরিকল্পিত ও স্বচ্ছভাবে পরিচালনার ওপর গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি উল্লেখ করেন, ওআইসিভুক্ত দেশগুলোতে প্রতিবছর বিপুল পরিমাণ জাকাত সংগ্রহ হয়। সেসব দেশের সঙ্গে সমন্বয় করে জাকাত তহবিল আনার উদ্যোগ নেওয়া গেলে তা দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক স্বনির্ভরতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।